# জুলাই-২০২১খ্রি. মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভার স্থান | : | উপজেলা পরিষদ, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর। |
| সভার তারিখ ও সময় | : | ২৯/০৭/২০২১খ্রি. সকাল ১১.০০ ঘটিকা। |
| সভাপতি | : | জনাব এ কে এম সালাহ উদ্দিন টিপু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর উপজেলা, লক্ষ্মীপুর |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক)। (জুম এ্যাপ এর মাধ্যমে উপস্থিতি)। |

০১। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভায় উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা লক্ষ্মীপুর-২(রায়পুর এবং সদর উপজেলার আংশিক) এর মাননীয় সংসদ সদস্য জনাব এ্যাডভোকেট নুর উদ্দিন চৌধুরী নয়ন মহোদয় সংযুক্ত হয়ে সর্বপ্রথম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আত্মার মাগফিরাত কামনা করেন এবং জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা নিবেদনসহ নির্বাচিত এলাকার সকল জনগনের নিকট ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। এ জনপদের অধিবাসীগণ সংসদ সদস্য নির্বাচিত করায় নিজেকে সবসময় জনগণের সেবায় নিজেকে নিয়োজিত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। উপজেলা পরিষদের সকল বিভাগকে স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে জনগনের দোরগোড়ায় সেবা পৌছে দেয়ার জন্য অনুরোধ করেন। বিভিন্ন বিভাগের কর্মচারী কর্মকর্তা সংকটের বিষয়ে দফতরওয়ারী মন্ত্রণালয়ে কথা বলে জনবল সংকট নিরসনে ব্যবস্থা গ্রহণ করবেন বলে অভিপ্রায় ব্যক্ত করেন। সম্মানিত উপদেষ্টা টিআর/কাবিখা তালিকায় যেন জালিয়াতি করা না হয় সে বিষয়ে শতভাগ নিশ্চয়তা কামনা করেন। তিনি আরও জানান প্রতিটি ইউনিয়নে একটি করে রাস্তা করা হবে যা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর মাধ্যমে প্রত্যয়ন গ্রহণ করা হবে। এছাড়া নির্বাচিত এলাকায় মাদকের ভয়াবহতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন এবং সংশ্লিস্ট বলেন প্রশাসনের পক্ষ থেকে তদারকি করার জন্য অনুরোধ করেন। নির্বাচিত এলাকার জনগণের সেবার অংশ হিসেবে মাননীয় সংসদ সদস্য জানান তার অনুকূলে বরাদ্দের টিউবওয়েল স্থাপনের ক্ষেত্রে সরকারি কোষাগারে তার নিজ উদ্যোগে ৭০০০/- (সাত হাজার ) হারে টাকা জমা দিয়ে সেবা প্রদানের নিশ্চয়তা দেন। করোনাকালীন মহামারী সময়ে সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে স্বাগত বক্তব্য শেষ করেন।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত:

সভাপতিউপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা মহোদয়ের অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভাপতি বলেন, স্বাস্থ্যগত নিরাপত্তা নিশ্চিত করে কাজ করার অনুরোধ করেন। অত:পর আলোচ্য সূচী মোতাবেক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ক) উপজেলা সমাজ সেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান সামাজিক নিরাপত্তা কর্মসূচির বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতা ভোগী এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি উপকারভোগীদের বিকাশ একাউন্ট খোলার কাজ ইউনিয়ন পর্যায়ে চলমান আছে। এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়াও শতভাগ ভাতার আওতায় ভাতা ভোগী নির্বাচন করে তাদের এমআইএস এ ডাটা এন্টির বিষয়েও সহযোগিতা কামনা করেন। | ১। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী এ কার্যালয়ে দাখিল করবেন। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সভাপতি ও সদস্য-সচিব সংশ্লিষ্ট স্ট্যান্ডিংকমিটি |
| ২ | ক) উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা: উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা জানান তার বিভাগের কাজ কাজ সুষ্ঠুভাবে চলছে। | ১। সভায় প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী দাখিল করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান সভাপতি ও সদস্য-সচিব সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটি |
| ৩ | ক) যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। তার বিভাগ হতে চলতি অর্থ বছরে বিভিন্ন কোর্সে প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে। | ১। সভায় প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক এ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাপতি ও সদস্য-সচিব সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটি |
| ৪ | ক) কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তার জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান | উপজেলা কৃষি কর্মকর্তা ও সকল |

| | | | |
|---|---|---|---|
| | | করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক এ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান সভাপতি ও সদস্য-সচিব সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটি |
| ৫ | ক) উপজেলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার-পরিকল্পনা কর্মকর্তা জানান যে, এপ্রিল/২০ মাসের রিপোর্ট অনুযায়ী সদর উপজেলায় মোট সক্ষম দম্পতির সংখ্যা ১৩৮৯২২ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ৯৫৭৬৯জন। | ১। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা পরিবার-পরিকল্পনা কর্মকর্তা এ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৬ | ক) সমবায় বিভাগ: সভায় উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম সম্পর্কে সুষ্ঠুভাবে চলছে। | ১। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী এ কার্যালয়ে দাখিল করার জন্য উপজেলা সমবায় অফিসার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার সভাপতি ও সদস্য-সচিব সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটি |
| ৭ | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার-পরিকল্পনা বিভাগঃ সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সংশ্লিষ্ট উপজেলা পরিষদ কমিটির সদস্য-সচিব হিসেবে প্রতিমাসের ০৭ তারিখের পূর্বে সভা করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা কর্তৃক এ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভাপতি ও সদস্য-সচিব সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটি |
| ৮ | ক) পরিসংখ্যান বিভাগঃ সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভার সুপারিশসহ কার্যবিবরণী এ কার্যালয়ে দাখিল করার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাপতি ও সদস্য-সচিব সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটি |
| ৯ | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম চলমান। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে সকল শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম যথারীতি চলবে বলে জানান। | ১। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক এ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | ক) প্রাথমিক শিক্ষা বিভাগঃ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া করোনা পরিস্থিতির অবস্থার প্রেক্ষিতে স্কুলের পাঠদান কার্যক্রম চালু হবে বলে জানান। | ১। সভায় প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক এ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১১ | ক) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ সভায় উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। সভায় প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক এ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১২ | ক) বিআরডিবিঃ সভায় উপজেলা বিআরডিবি কর্মকর্তার প্রতিনিধি জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জনবল প্রয়োজন। ডানিডা জোড়া বাড়িতে বসবাস বাড়া বাবদ বিআরডিবির কর্মচারীদের প্রদত্ত বাড়া অগ্রণী ব্যাংক লক্ষ্মীপুর শাখার চেক নং ৪১৮১-১৭৭৯৫৭৪ এর মাধ্যমে ১৮৭২০০/- টাকা প্রদান করে যা ডানিডা জোড়া বাড়ির নামে পরিচালিত পূবালী ব্যাংক, লক্ষ্মীপুর শাখার চলতি হিসাব নং ১৪৪৫৮ তে জমা হওয়ার কিন্তু উক্ত ১৮৭২০০/- টাকা চলতি হিসাব নং ১১৯৮৫ রাজস্ব তহবিলে জমা প্রদান করা হয়। অতএব রাজস্ব হিসাব হতে ১৮৭২০০/- টাকা উত্তোলনপূর্বক ডানিডা জোড়া বাড়ির নামে পরিচালিত পূবালী ব্যাংক, লক্ষ্মীপুর শাখার চলতি হিসাব নং ১৪৪৫৮ তে জমা হওয়া আবশ্যক মর্মে জানান। | ১। প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সুপারিশসহ কার্যবিবরণী এ কার্যালয়ে দাখিল করার জন্য উপজেলা বিআরডিবি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। রাজস্ব হিসাব হতে ১৮৭২০০/- টাকা উত্তোলনপূর্বক ডানিডা জোড়া বাড়ির নামে পরিচালিত পূবালী ব্যাংক, লক্ষ্মীপুর শাখার চলতি হিসাব নং ১৪৪৫৮-এ জমা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার।<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>সভাপতি ও সদস্য-সচিব সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটি |
| ১৩ | উপজেলা খাদ্য বিভাগঃ সভায় উপজেলা খাদ্য কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। লক্ষ্যমাত্রা অনুযায়ী ঘাটতি ধান ও চাল সংগ্রহ যেন প্রকৃত ধান চাষীদের নিকট হতে করা হয় এ অনুরোধ উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৪ | বন বিভাগ: ভারপ্রাপ্ত বন কর্মকর্তাজানান, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সদর উপজেলায় বিক্রয়ের জন্য ২৫০০০/-টি বনজ, ফলজ ও ঔষধি গাছের চারা উত্তোলন করা হচ্ছে প্রতিটির মূল্য ৯ টাকা মাত্র। ২৮৫টি বসতবাড়ীতে বনায়নের জন্য ৫৭০০টি চারা উত্তোলন করা হচ্ছে। ২০ কি.মি সংযোগ সড়ক বনায়নের জন্য চারা উত্তোলন করা হচ্ছে যা চররমনী মোহন ইউনিয়নের বিভিন্ন জায়গা বনায়ন করা হবে। | ১। প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সুপারিশসহ কার্যবিবরণী এ কার্যালয়ে দাখিল করার জন্য উপজেলা বিআরডিবি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা<br>সভাপতি ও সদস্য-সচিব সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটি |
| ১৫ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জনবল প্রয়োজন। | ১। সভায় প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক এ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ১৬ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর: উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এর প্রোগ্রাম অফিসার জানান তার বিভাগের কাজ সুষ্ঠুভাবে চলছে। | ১। সভায় প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক এ কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যানগণ ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৭ | ক) আমার বাড়ী আমার খামার বিভাগঃ আবাআখা উপজেলা সমন্বয়কারী তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। ঋণ বিতরণে অত্যন্ত সতর্কতা অবলম্বন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী আবাআখা |

| | | | |
|---|---|---|---|
| ০১৪ | সভায় সভাপতি আজকের সভায় সকলের জুম অ্যাপস এর মাধ্যমে স্বত:স্ফূর্ত অংশগ্রহণের জন্য আন্তরিক ধন্যবাদ জানান। উপজেলা পরিষদ চেয়ারম্যান কর্তৃক ২০২০-২০২১ অর্থ বছরে রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়কৃত বিল/ভাউচার উপস্থাপন করা হয়। সভায় জনাব এ কে এম সালাহ উদ্দিন টিপু, উপজেলা চেয়ারম্যান এর জুলাই/২০২১ মাসের সম্মানী ভাতা বিল ৪০০০০/- টাকা, জনাব এডভোকেটে রহমত উল্যা বিপ্লব ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২১ মাসের সম্মানি ও ভ্রমণ ভাতাসহ বিল ৩৩০০০/- টাকা, জনাব কাজী খালেদা আক্তার, মহিলা ভাইস-চেয়ারম্যান এর জুলাই/২০২১ মাসের সম্মানি ও ভ্রমণ ভাতাসহ বিল ৩৩০০০/- টাকা, জনাব ফয়েজ আহাম্মদ, অফিস সহায়ক এর জুলাই/২০২১ মাসের বেতন- ১২১০০/- টাকা, জনাব মাহফুজুর রহমান, অফিস সহায়কের জুলাই/২০২১ মাসের বেতন- ১২১০০/- টাকা, জনাব জাহিদুল আলম পিয়াস এর জুলাই/২০২১ মাসের বেতন- ১২১০০/- টাকা, জনাব জীবন কৃষ্ণ দাস এর জুলাই/২০২১ মাসের বেতন- ১২১০০/- টাকা, জুলাই/২০২১ মাসের মিটিং ও আপ্যায়ন খাতে ৩৮,০০০/-, আনুষংগিক খাতে ৫,০০০/- টাকা, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুচ্ছেদ ০৩ এর (ণ) অনুযায়ী উপজেলা পরিষদ যানবাহন মেরামত (জীপ গাড়ীর দুটি চাকা পরিবর্তন) বাবদ =৩৪০০০/- টাকা, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুচ্ছেদ ০৩ এর (ম) অনুযায়ী নিরাপত্তা খাত (আনসার) ০৫.৪২.৫১০০.০০৭.৩১.০৪২.২০২১.৩২৭ নং স্মারকে প্রেরিত জেলা প্রশাসক, লক্ষ্মীপুর মহোদয়ের পত্রের নির্দেশনা মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর প্রাঙ্গনে রক্ষিত জেলাগুলোর সরকারি গাড়িসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে দায়িত্ব পালনে আনসার সদস্যদের দৈনিক ভাতা বাবদ ব্যয় ১৫৩০০/- টাকা, উপজেলা পরিষদ চেয়ারম্যান অফিসের পত্রিকা বিল মে/২০২১ হতে জুলাই-২০২১ পর্যন্ত ৯২০/- টাকা, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুচ্ছেদ ০৩ এর (খ) অনুযায়ী জাতীয় শোক দিবস (১৫ আগস্ট) উদযাপন বাবদ অগ্রিম উত্তোলন ২৫০০০/- টাকা, ব্যয় পরিশোধ করার প্রস্তাব সভাপতি উত্থাপন করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উল্লেখিত অর্থ ব্যয়ের অনুমোদন ও বিল পরিশোধ করা প্রয়োজন। আলোচনান্তে উক্ত ব্যয়সমূহের টাকার বিল/ভাউচার সঠিক থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১। আলোচনান্তে রাজস্ব তহবিল হতে ব্যয়কৃত বিল/ ভাউচারের টাকা পরিশোধ করার নিমিত্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এ কে এম সালাহ উদ্দিন টিপু
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর

স্মারক নং-০৫.৪২.৫১৪৩.০০১.০৬.০০১.২০-

তারিখ: ২৯/০৭/২০২১খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-২ (রায়পুর এবং সদর উপজেলার আংশিক)।
২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপজেলা ..................................................কর্মকর্তা, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
৬। চেয়ারম্যান, ...................................ইউপি (সকল), লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

মোহাম্মদ মাসুম
উপজেলা নির্বাহী অফিসার
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর
ফোন নম্বরঃ ০৩৮১-৬২৬১৪